

# প্রশিক্ষণ নির্দেশিকা

ধারাবাহিক মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ ম্যানুয়ালে শ্রেনিকক্ষে এবং শ্রেনিকক্ষের বাইরে শিখন শেখানো কার্যক্রমের মৌলিক বিষয়গুলোর তত্ত্বগত আলোচনা করা হয়েছে। যা নতুন শিক্ষাক্রম ২০২২-এর শিখন শেখানো কার্যক্রমের সহায়ক। মাস্টার ট্রেনারবৃন্দ এই তত্ত্বগত আলোচনার উপর জোর দিবেন। উদাহরণের জন্য নতুন শিক্ষাক্রম ২০২২-এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক/সহায়ক বই/ TG/বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকার সহায়তা নিবেন। এজন্য প্রতি জন প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষক শিক্ষাক্রম ২০২২-এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক/সহায়ক বই/ TG/বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা নিয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করবেন।

| দিবস | অধিবেশন | প্রশিক্ষণের বিষয় | ট্রেইনারগণ ট্রেনিং সেশনে নতুন কারিকুলামের সাথে যেভাবে পরিচয় করাবেন | |
|---|---|---|---|---|
| প্রথম দিবস | অধিবেশন ১ | শিক্ষাক্রম | SESIP হতে ধারাবাহিক মূল্যায়নের জন্য প্রকাশিত (মার্চ ২০১৮) প্রশিক্ষণ ম্যানুয়ালটির তৃতীয় পাতায় শিক্ষাক্রম সম্পর্কে একটি ধারণা দেয়া আছে, এটি পড়ার পর জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে নতুন কারিকুলামে শিক্ষাক্রমের যে ধারণা দেয়া হয়েছে তা ব্যাখ্যা করতে হবে, প্রয়োজনে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২২ এর বইটি প্রদর্শন করুন। এক্ষেত্রে শিখনফলের জায়গায় মূল যোগ্যতা, শিখন ক্ষেত্রভিত্তিক যোগ্যতা ও বিষয়ভিত্তিক যোগ্যতার পারস্পারিক সম্পর্কের উপর আলোকপাত করুন।<br>লিংক- http://www.nctb.gov.bd/site/page/6544cff2-8f38-44ff-9c47-076290718de7/- |  |
| | অধিবেশন ২ | শিখন মূল্যায়ন-১ | SESIP হতে ধারাবাহিক মূল্যায়নের জন্য প্রকাশিত প্রশিক্ষণ ম্যানুয়ালটির ০৬-১৬ পাতায় শিখন মূল্যায়ন, ধারাবাহিক মূল্যায়ন সম্পর্কে ধারণা দেয়া আছে, প্রথমে এটি পড়ার পর পাশের ছবিতে উল্লেখিত নির্দেশিকা দুটির আলোকে নতুন কারিকুলামে কিভাবে মূল্যায়নের কথা বলা আছে তা ব্যাখ্যা করুন। এক্ষেত্রে বিষয়ভিত্তিক মূল যোগ্যতার সাথে সম্পর্কিত পারদর্শিতার সূচকের সম্পর্ক এবং পারদর্শিতার সূচক পরিমাপের জন্য পারদর্শিতার মাত্রার ভূমিকা আলোচনা করুন। উদাহরণ হিসেবে পাঠ্যপুস্তক/সহায়ক বই/TG/বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা ব্যবহার করুন। |   |
| | অধিবেশন ৩ | শিখন মূল্যায়ন-২ | | |
| | অধিবেশন ৪ | শিখন মূল্যায়ন-২ | | |
| দ্বিতীয় দিবস | অধিবেশন ৫ | ধারাবাহিক মূল্যায়ন | | |
| | অধিবেশন ৬ | ধারাবাহিক মূল্যায়ন | | |
| | অধিবেশন ৭ | ফলাবর্তন | SESIP হতে ধারাবাহিক মূল্যায়নের জন্য প্রকাশিত প্রশিক্ষণ ম্যানুয়ালটির ১৬-২৭ পাতায় ফলাবর্তন ও নিরাময়মূলক সহায়তা সম্পর্কে ধারণা দেওয়া আছে, উল্লেখ্য ২০২২ এর নতুন শিক্ষাক্রম ও বিশেষ করে TG -তে বিভিন্ন বিষয়ের সেশন পরিচালনার সময় শিক্ষার্থীদেরকে ফলাবর্তন- নিরাময়মূলক সহায়তা কিভাবে করা হবে স্পষ্ট করা আছে। পাশের ছবিতে উল্লেখিত TG প্রদর্শন করুন, প্রয়োজনে সেগুলো এখানে উল্লেখ করুন। |  |
| | অধিবেশন ৮ | ফলাবর্তন | | |
| তৃতীয় দিবস | অধিবেশন ৯ | নিরাময়মূলক সহায়তা | | |
| | অধিবেশন ১০ | আবেগীয় ক্ষেত্রের মূল্যায়ন | SESIP হতে ধারাবাহিক মূল্যায়নের জন্য প্রকাশিত প্রশিক্ষণ ম্যানুয়ালটির ২৮-৩১ পাতায় আবেগীয় ক্ষেত্রের মূল্যায়ন সম্পর্কে ধারণা দেওয়া আছে, উল্লেখ্য ২০২২ এর নতুন শিক্ষাক্রমেও বিভিন্ন বিষয়ের সেশন পরিচালনার সময় শিক্ষার্থীদেরকে আবেগীয় ক্ষেত্রের মূল্যায়ন কিভাবে করা হবে স্পষ্ট করা আছে। প্রয়োজনে সেগুলো এখানে উল্লেখ করুন। প্রতি বিষয়ে প্রতি অভিজ্ঞতায় তার আবেগীয় ক্ষেত্রে মূল্যায়ন করা হবে। বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা, ষান্মাসিক মূল্যায়ন নির্দেশিকা দ্রষ্টব্য। | পরিশিষ্ট ১<br>আচরণিক সূচক (Behavioural Ind |
| | অধিবেশন ১১ | আবেগীয় ক্ষেত্রের মূল্যায়ন | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | অধিবেশন ১২ | শ্রেণির কাজ-১ | ধারাবাহিক মূল্যায়নের ম্যানুয়ালে উদাহরণসহ শ্রেণির কাজ ও অনুসন্ধানমূলক কাজের তত্ত্বগত ধারণা দেওয়া আছে (৩২-৬০ পৃষ্ঠা)। ২০২২ এর নতুন শিক্ষাক্রমেও বিভিন্ন বিষয়ের সেশন পরিচালনার সময় শিক্ষার্থীদেরকে শ্রেণির কাজ, প্রকল্প কাজ এর উপর বিশেষ জোর দেয়া হয়েছেএক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়নের প্রশিক্ষণ ম্যানুয়ালে উল্লিখিত উদাহরেণের জায়গায় শ্রেণির কাজ ও অনুসন্ধানমূলক কাজ এর তত্ত্বগত ধারণাকে শিক্ষাক্রম ২০২২ এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক/সহায়ক বই/ TG/বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা এর সাপেক্ষে ব্যাখ্যা করুন। | |
| চতুর্থ দিবস | অধিবেশন ১৩ | শ্রেণির কাজ-১ | | |
| | অধিবেশন ১৪ | শ্রেণির কাজ-২ | | |
| | অধিবেশন ১৫ | প্রকল্প কাজ | | |
| | অধিবেশন ১৬ | প্রকল্প কাজ | | |
| পঞ্চম দিবস | অধিবেশন ১৭ | শ্রেণি পরীক্ষার পদ্ধতি ও কৌশল বাস্তবায়ন | ধারাবাহিক মূল্যায়নে প্রশিক্ষণ ম্যানুয়ালে শ্রেণি পরীক্ষার পদ্ধতি ও কৌশল বাস্তবায়নে যা বলা হয়েছে তার পরিবর্তে শিক্ষাক্রম ২০২২ এর আলোকে প্রণীত বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী শিখন অভিজ্ঞতার আলোকে মূল্যায়ন কৌশল ব্যাখ্যা করুন। | |
| | অধিবেশন ১৮ | বাড়ির কাজ | ধারাবাহিক মূল্যায়নের ম্যানুয়ালে উদাহরণসহ শ্রেণির কাজ ও অনুসন্ধানমূলক কাজের তত্ত্বগত ধারণা দেওয়া আছে (৬১-৬৩ পৃষ্ঠা)। নতুন শিক্ষাক্রম ২০২২-এও বিভিন্ন বিষয়ের সেশন পরিচালনার সময় শিক্ষার্থীদেরকে বাড়ির কাজ এর উপর বিশেষ জোর দেয়া হয়েছে এক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়নের প্রশিক্ষণ ম্যানুয়ালে উল্লিখিত উদাহরেণের বাড়ির কাজ এর তত্ত্বগত ধারণাকে শিক্ষাক্রম ২০২২ এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক/সহায়ক বই/ TG/মূল্যায়ন নির্দেশিকা এর সাপেক্ষে ব্যাখ্যা করুন। | |
| | অধিবেশন ১৯ | মাইক্রোট্রেনিং পরিচালনা পদ্ধতি | সিমুলেশনের সময় জোর দিতে হবে নতুন কারিকুলামের (২০২১) সেশন কিভাবে পরিচালনা করবেন তার উপর । SESIP হতে ধারাবাহিক মূল্যায়নের জন্য প্রকাশিত (মার্চ ২০১৮) প্রশিক্ষণ ম্যানুয়ালটিতে পুরানো বইয়ের আলোকে উদাহরণ দেওয়া আছে, এগুলোকে উদাহরণ হিসেবে দেখতে পারেন কিন্তু মনে রাখবেন আমাদের সকল কর্মকান্ডে ২০২২ এর নতুন কারিকুলামের কিভাবে বিস্তরণ তথা পরিচালনা করতে, সেই দিকে নজর দিবেন ।<br>এই প্রশিক্ষণটিকে কোনভাবেই নতুন কারিকুলাম এর সাথে সাংঘর্ষিক করবেন না বরং মনে রাখবেন এটি চলমান নতুন কারিকুলাম এর একটি পরিপূরক বা সহায়ক প্রশিক্ষণ । | |
| | অধিবেশন ২০ | শ্রেণির কাজের সিমুলেশন | | |
| ষষ্ঠ দিবস | অধিবেশন ২১ | শ্রেণির কাজের সিমুলেশন | | |
| | অধিবেশন ২২ | শ্রেণির কাজের সিমুলেশন | | |
| | অধিবেশন ২৩ | শ্রেণির কাজের সিমুলেশন | | |
| | অধিবেশন ২৪ | জেন্ডার ও শিক্ষা | | |